66

দৈনিক ইনকিলাব

তারিখ 26 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ইনস্টিটিউট অব ফরেস্ট্রির করুণ অবস্থা

চট্টগ্রাম ভার্সিটির মধ্যে সবচেয়ে মূল্যবান সাবজেক্ট "ফরেস্ট্রি।" এটা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মধ্যেই আলাদা একটা ইনস্টিটিউট। মাননীয় প্রধানমন্ত্রী ফরেস্টের উপর ইদানীং বিশেষ নজর দিচ্ছেন। ব্যাপকভাবে বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ করেছেন। কিন্তু বন রক্ষার জন্য যারা অধ্যয়ন করেছে অর্থাৎ যারা আগামীদিনের ফরেস্ট অফিসার হবে তাদের দিকে কি বিন্দুমাত্র খেয়াল করছেন? আমরা যারা এই ইনস্টিটিউটে পড়াশুনা তাদের অবস্থা বাংলাদেশের শিক্ষা প্রতিষ্টানগুলির মধ্যে সবচেয়ে করুণ। আমাদের যে কয়জন শিক্ষক ছিলেন তাদের মধ্যে অধিকাংশই ইনস্টিটিউটের টাকা নিয়ে উচ্চ ডিগ্রীর জন্য বিদেশের পথে পাড়ি জমিয়েছেন। মাত্র কয়েকজন শিক্ষক আছেন তাদের ইচ্ছা হলে ক্লাস নেন নতুবা নেন না। ছাত্রাবাসের অবস্থাতো আরও করুণ। ডাইনিং গ্যাসের ব্যবস্থার অজুহাতে এত নিম্নমানের খাবার পরিবেশন করা হয় যে একজন সুস্থ মানুষের পক্ষে খাওয়া অসম্ভব। আমাদের ২-৩ কিলোমিটারের মধ্যে নেই কোন দোকান। একটা কলম, কাগজ কিনতে হলে দুই তিন মাইল হেঁটে যেতে হয়। নেই কোন পোস্ট বকস, নেই কোন খেলার মাঠ বা খেলার সরঞ্জাম। আমাদের কোন ফার্নিচার আজ পর্যন্ত দেয়া হয়নি। তবে আমাদের চারপাশে একটা জিনিস আছে সেটা হলো ইটের ভাটা। আমাদের প্রশ্ন হলো, আমাদের ইনস্টিটিউটের জন্য প্রতি বছর কোটি কোটি টাকা দেয়া হয়। কিন্তু তার পরেও আমাদের এত করুণ অবস্থা কেন? আমাদেরকে দেয়া টাকাগুলি কোথায় যায়?

—মোঃ ওয়াসীম আকরাম,
ইনস্টিটিউট অব ফরেস্ট্রি,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।